গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
সাধারণ শাখা

২০২১-২২ অর্থবছরের রাজশাহী বিভাগীয় কমিশনারের কার্যালয়ের নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী :

---

| | |
|---|---|
| সভাপতি | ড. মো: হুমায়ুন কবীর<br>বিভাগীয় কমিশনার, রাজশাহী |
| সভার তারিখ | ১৪/১২/২০২১ খ্রি. |
| সভার সময় | বেলা ২.০০ টা |
| স্থান | বিভাগীয় কমিশনারের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), রাজশাহী সভাকে জানান যে, এ কার্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২১-২২) এর সংযোজনী-৪ এ উল্লিখিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ১.১ কার্যক্রম অংশে **'নৈতিকতা কমিটির'** সভা আয়োজনের বিষয়টি অন্তর্ভূক্ত করা হয়েছে। সভায় নৈতিকতা কমিটির কর্মপরিধি অনুযায়ী বিভিন্ন বিষয় ও বর্তমান করোনা (কোভিড-১৯) পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি অনুসরণ বিষয়ে আলোচনা করা হয়। গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি নিম্নরুপ :

| ক্র: নং | গত সভার তারিখ | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়িত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের হার |
|---|---|---|---|---|
| ১ | ২৩/০৯/২০২১ | ০৪ টি | ০৪ টি | ১০০% |


অত:পর সভায় কর্মপরিকল্পনার বিভিন্ন কার্যক্রম নিয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ০১. | **শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিতকরণ :** সভাপতি এ কার্যালয়ের শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য ও অন্তরায় সম্পর্কে জানতে চাইলে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) জানান যে, শুদ্ধাচার প্রতিষ্ঠার জন্য কিছু উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তিনি উল্লেখ করেন যে, চলতি ২০২১-২২ অর্থবছরে এ বিষয়ে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে।<br>(ক) এ কার্যালয়ের প্রতিটি শাখা ও ভারপ্রাপ্ত কর্মকর্তার অফিস কক্ষে তার শাখা সংশ্লিষ্ট এপিএ এবং শুদ্ধাচার কর্মপরিকল্পনার অংশ আলাদা বোর্ড স্থাপন করে সেখানে প্রদর্শনের ব্যবস্থা করা হয়েছে।<br>(খ) কর্ম পরিবেশ উন্নয়নে ড্রাইভারদের বসার জন্য একটি শেড নির্মাণ করা হয়েছে। এছাড়া এ কার্যালয়ের সাধারণ শাখায় কিউবিক্যাল টেবিল স্থাপনের কার্যক্রম চলমান আছে।<br>(গ) দক্ষতা উন্নয়নে কর্মকর্তা-কর্মচারীদের তথ্য অধিকার, সেবা প্রদান প্রতিশ্রুতি এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও জিআরএস সফটওয়্যার ব্যবহার বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।<br>(ঘ) এ কার্যালয়ে শুদ্ধাচার প্রতিষ্ঠায় কর্মকর্তাদের পাশাপাশি কর্মচারীদের দক্ষ ও আগ্রহী করে তোলার জন্য ১১-২০ তম গ্রেডের সকল কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ কর্মসূচিতে শুদ্ধাচার বিষয়ক সেশন অন্তর্ভুক্ত করা হয়েছে। তিনি আরও বলেন যে, ইতোপূর্বে কর্মকর্তা কর্মচারীদের মাঝে শুদ্ধাচার চর্চায় অনীহা লক্ষ্য করা গেলেও বর্তমানে এ সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজনের ফলে শুদ্ধাচার চর্চায় আগ্রহের সৃষ্টি হয়েছে। | কর্মকর্তা- কর্মচারীদের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সকল কার্যক্রম সমাপ্ত করতে হবে। | সহকারী কমিশনার (সকল), এ কার্যালয় |
| ০২. | **শুদ্ধাচার প্রতিষ্ঠায় পরিলক্ষিত অন্তরায় দূরীকরণে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ :** এ বিষয়ে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), রাজশাহী জানান যে, কর্মপরিবেশ উন্নয়নে টিওএন্ডই ভূক্ত অকেজো মালামালসমূহ আগামী ৩১/১২/২০২১ তারিখের মধ্যে বিনষ্ট করার প্রক্রিয়া চলমান আছে। এছাড়া করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণ প্রতিরোধের নিমিত্ত এ কার্যালয়ে গঠিত "**স্বাস্থ্যবিধি মনিটরিং টিম**'' এর কার্যক্রম সন্তোষজনক হলেও বর্তমান পরিস্থিতি বিবেচনায় টিমের সদস্যদের নিয়মিত সভা ও স্বাস্থ্যবিধি অনুসরণ কার্যক্রম পর্যবেক্ষণ করা প্রয়োজন। | ১। নির্ধারিত সময়ে কর্ম-পরিবেশ উন্নয়নের নিমিত্ত এ কার্যালয়ের টিওএন্ডই ভূক্ত অকেজো মালামালসমূহ বিনষ্টকরণ কার্যক্রম সমাপ্ত করতে হবে।<br>২। **'স্বাস্থ্যবিধি মনিটরিং টিম'** এর সভা প্রতিমাসে নিয়মিত আয়োজন ও এ সংক্রান্ত পর্যবেক্ষণ প্রতিবেদন দাখিল করতে হবে। | সহকারী কমিশনার (হিসাব ও নেজারত) |
| ০৩. | **শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব নির্ধারণ :** অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), রাজশাহী সভায় অবহিত করেন যে, ইতোমধ্যে এ কার্যালয়ের (২০২১-২০২২) অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও শুদ্ধাচার কর্মপরিকল্পনা শাখা ভিত্তিক বিভাজন করে প্রতিটি শাখায় এবং শাখার ভারপ্রাপ্ত কর্মকর্তার কক্ষে বোর্ড স্থাপনপূর্বক প্রদর্শনের ব্যবস্থা করা হয়েছে। সকল শাখা কর্মকর্তাকে কার্যক্রমসমূহ নির্ধারিত তারিখের ০৩-০৫ দিন পূর্বেই সম্পাদনের অনুরোধ করা হয়েছে। কোয়ার্টারভিত্তিক শুদ্ধাচার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য প্রতিটি কার্যক্রমের প্রমাণকসমূহ নির্ধারিত তারিখের ৪/৫দিন পূর্বের সাধারণ শাখায় প্রেরণ নিশ্চিত করা প্রয়োজন। | প্রতি কোয়ার্টার সমাপ্তির পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে শুদ্ধাচার সংশ্লিষ্ট সকল প্রমাণক সাধারণ শাখায় প্রেরণ করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল), এ কার্যালয় |

| | | | |
|---|---|---|---|
| ০৪. | **মন্ত্রিপরিষদ বিভাগে অবস্থিত জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিটে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠানের শুদ্ধাচার বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ** : মন্ত্রিপরিষদ বিভাগে অবস্থিত জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিটে শুদ্ধাচার বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন প্রেরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, প্রতি কোয়ার্টারের অগ্রগতি শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী যথাসময়ে প্রেরণ করা হয়ে থাকে। | ১। প্রতি কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে।<br>২। ২০২১-২২ অর্থ বছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিক প্রতিবেদন আগামী ১৫/০১/২০২২ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও এ কার্যালয়ের ওয়েবসাইটে আপলোড করতে হবে। | সহকারী কমিশনার (সাধারণ শাখা) |

সকলকে দাপ্তরিক কার্যক্রমে ও জীবনাচরণে নৈতিকতা চর্চার আহ্বান জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



ড. মো: হুমায়ুন কবীর
বিভাগীয় কমিশনার, রাজশাহী

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০১২.২৫.০০৭.২১.১৬৭৬

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪২৮
১৫ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ

২) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব/সার্বিক/উন্নয়ন ও আইসিটি), রাজশাহী বিভাগ

৩) সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার (মাঠ প্রশাসন/রাজস্ব/উন্নয়ন ও আইসিটি/হিসাব ও নেজারত), এ কার্যালয়

৪) বিভাগীয় কমিশনারের একান্ত সচিব, রাজশাহী বিভাগ, রাজশাহী

৫) বিভাগীয় কমিশনারের গোপনীয় সহকারী (বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)



অভিজিত সরকার
সহকারী কমিশনার